দৈনিক ইনকিলাব
৩২
তারিখ ...13 NOV 1990...
পৃষ্ঠা... ৫ ...কলাম... ৮

## শিক্ষাঙ্গন

### প্রাথমিক স্তরের বই

সার্বজনীন প্রাথমিক শিক্ষার জন্য বইয়ের ব্যাপক প্রচার ও প্রকাশ তথা সহজলভ্যতা একান্ত অপরিহার্য। বর্তমান বই বিতরণ ব্যবস্থা অর্থাৎ বছরের প্রথমাংশে প্রাথমিক বিদ্যালয়গুলোর মাধ্যমে বই বিনামূল্যে বিতরণ করা হয়; এ সময় বিদ্যালয়গুলোতে বইয়ের জন্য শিশু ও অভিভাবকদের ভিড় লেগে যায়। কোন কোন বিদ্যালয়ে চাহিদানুযায়ী বই সরবরাহ না থাকায় অনেক শিশু বই পায় না। এমনও হয় যে, শিক্ষাবর্ষের ৩/৪ মাস অতিবাহিত হওয়ার পর শিশুদের হাতে পাঠ্য বই পৌঁছে না। অনেক অভিভাবকদের ইচ্ছা এবং ক্রয় ক্ষমতা থাকা সত্ত্বেও মার্কেটে বই সরবরাহ না থাকায় বই সংগ্রহ করতে পারেন না।

১৯৮৬ সনে ডাকঘরের মাধ্যমে এবং পরবর্তীতে বিদ্যালয়ের মাধ্যমে বই সরবরাহ ব্যবস্থার ফলে সার্বজনীন প্রাথমিক শিক্ষা অনেকাংশে ব্যাহত হয়েছে। আসন্ন '৯১ সন থেকে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রকল্প বাস্তবায়নে বইয়ের ব্যাপক প্রচার ও প্রকাশ, সর্বোপরি সহজলভ্যতার প্রতি লক্ষ্য রেখে, স্বল্প মূল্যে হাটে-বাজারে, গ্রামে-গঞ্জে, এমনকি মুদি দোকান থেকেও বই পাওয়ার নিশ্চয়তা বিধান করা আবশ্যক।

—আলাউদ্দিন